

স্মারক নং-২৭.১২.৫১৪৩.৫৩৮.০০১.০৭.২০২৩. ২০৮

তারিখ : ৩০ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
১৪ জানুয়ারী-২০২৩ খ্রিস্টাব্দ

“ নিলাম বিজ্ঞপ্তি ”

লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত কমন সার্ভিস স্টোরের পুরাতন মালামাল “যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে” নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আত্মস্বী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ এজেন্সির নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষর সহ (মালামাল এর আইটেম ওয়ারী) দর আলাদা আলাদা ভাবে প্রদান পূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	মালামালের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত একক দর (টাকা)	উদ্ধৃত মোট দর (টাকা)
০১	সিলিং ফ্যান	৩০ টি		
০২	টেবিল	১০ টি		
০৩	চেয়ার (রিভল ভিং/ ফোম)	১৪ টি		
০৪	চেয়ার (কাঠ)	১০ টি		
০৫	হেলমেট	১০ টি		
০৬	টাইপ মেশিন	০২ টি		
০৭	হটনট	০৯ টি		
০৮	টায়ার(পিকআপ/জিপ গাড়ি)	৪৫ টি		
০৯	টায়ার (মটরসাইকেল)	৬০ টি		
১০	যানবাহনের পুরাতন মালামাল	১৭০ কেজি		
			মোট =	

শর্তাবলী :

- আত্মস্বী দরদাতাগন আগামী ২২-০১-২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২ঃ০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, লক্ষ্মীপুর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। খামের উপরিভাগে “কমন সার্ভিস স্টোরের নষ্ট ও ব্যবহার অনুপযোগী মালামাল নিলামে বিক্রয়যোগ্য মালামাল ক্রয়ের দরপত্র” কথাটি লিখতে হবে।
- নিলাম দরপত্র সমূহ আগামী ২২-০১-২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২ঃ০৫ ঘটিকায় উপস্থিত দরদাতা / প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) এর নিলাম দরপত্র লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, লক্ষ্মীপুর এ অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এর দপ্তরে খোলা হবে।
- মালামালের পরিমাণ কম/বেশী হলে দাখিলকৃত একক দর বিবেচনা পূর্বক সর্বমোট মূল্য নির্ধারণ করা হবে।
- দরদাতাকে সিনিয়র জেনারেল ম্যানেজার, লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে দরদাতা কর্তৃক মোট উদ্ধৃত মূল্যের উপর ২৫% (পঁচিশ শতাংশ) হারে যে কোন তফসীল ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে নিরাপত্তা জামানত হিসাবে নিলাম দরপত্রের সাথে সংযুক্ত করে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র সমূহ গ্রহণযোগ্য হিসাবে বিবেচিত হবে না।
- মালামাল সমূহ লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে আগামী ২১-০১-২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত (শুক্রবার ও সরকারী ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ের মধ্যে পরিদর্শন করা যাবে।
- কোন ব্যক্তি/প্রতিষ্ঠান সকল মালামালের ক্রম অনুযায়ী আলাদা আলাদা দর প্রদান করতে হবে। সকল মালামালের দর উদ্ধৃত করা না হলে বর্ণিত দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- খামের উপর কমন সার্ভিস স্টোরের নষ্ট ও ব্যবহার অনুপযোগী মালামাল এর বিবরণের আইটেম অনুযায়ী নিলাম দরপত্র কথাটি উল্লেখ করতে হবে।
- সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত কালেকশনের পর মালামাল সমূহ হস্তান্তর সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের উপর সরকারী বিধি মোতাবেক উৎসে কর এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) নগদ/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে পরিশোধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সমূহ বুঝে নিতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের সম্পূর্ণ অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- পবিস কর্তৃপক্ষ কোন রূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- শর্ত বহির্ভূত যে কোন উদ্ধৃত সমস্যার ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- উল্লেখ্য যে, নিলাম বিষয়ে কোন জিজ্ঞাসা থাকলে মোবাইল নং-০১৭৬৯৪০০৫৫২ এ যোগাযোগ করা যেতে পারে।

মোঃ জাকির হোসেন
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি :

- পরিচালক, পবিস মনিঃ ও ব্যঃ পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
- সিনিয়র জেনারেল ম্যানেজার / জেনারেল ম্যানেজার -----পবিস-১/২/৩/৪
- নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ফেনী।
- ডি.জি.এম (কারিগরী)/রামগঞ্জ/ রায়পুর/ রামগতি, চন্দ্রগঞ্জ/ভবানীগঞ্জ/ কমলনগর জোনাল অফিস, লপবিস।
- এ.জি.এম (অর্থ-হিসাব, রাজস্ব)/(ওএন্ডএম)/(ইএন্ডসি)/(সদস্য সেবা)/(আইটি) লপবিস।
- সহকারী প্রকৌশলী, বাপবিবো, লক্ষ্মীপুর।
- জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), লপবিস- বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে।
- নোটিশ বোর্ড, লক্ষ্মীপুর পবিস।
- অফিস কপি/মাষ্টার কপি।

(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
(নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

মোঃ জাকির হোসেন
সিনিয়র জেনারেল ম্যানেজার